দৈনিক
ইত্তেফাক

দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 11 MAR 20.3 ...
পৃষ্ঠা ... ১৮ কলাম ... ৭

# নকল সরবরাহে অভিযুক্ত শতাধিক শিক্ষক পরীক্ষার দায়িত্ব পাচ্ছেন না

রেজানুর রহমান ॥ ২৭ মার্চ শুরু হবে দেশের সকল শিক্ষা বোর্ডের এসএসসি পরীক্ষা। গত বছর পরীক্ষা চলাকালে নকল সরবরাহের দায়ে অভিযুক্ত শতাধিক শিক্ষক এবার পরীক্ষা সংক্রান্ত কোন কাজে জড়িত থাকবেন না। পাশাপাশি এবার নকলবাজ পরীক্ষার্থীকে শুধু বহিষ্কার নয় তাকে গ্রেফতার করে কারাগারে পাঠানো হবে। নকল সরবরাহের সময় কোন শিক্ষক-শিক্ষিকা ধরা পড়লে তাকেও পুলিশের হাতে তুলে দেয়া হবে। শিক্ষা মন্ত্রণালয় থেকে এই সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। (১৫শ পৃঃ ২-এর কঃ ৫ঃ)

## নকল সরবরাহে অভিযুক্ত

(শেষ পৃঃ পর)

গত বছর এসএসসি পরীক্ষা চলাকালে সারাদেশে প্রায় দেড়শত শিক্ষক-শিক্ষিকা বহিষ্কার হন। কিন্তু পরীক্ষার পর এলাকার জনপ্রতিনিধিদের চাপে পঞ্চাশ জন শিক্ষক তাৎক্ষণিকভাবে মাফ পান। বিভিন্ন বোর্ডের অভিযুক্ত শতাধিক শিক্ষিকার নাম চূড়ান্ত করে পাঠানো হয়। কিন্তু দুর্ভাগ্যজনক হলেও সত্য, শিক্ষকবৃন্দ শাস্তি পাচ্ছেন না। মানবিক কারণে আবারও 'শেষ বারের' মত তাদেরকে শাস্তি থেকে রেহাই দেয়া হচ্ছে। পাশাপাশি সিদ্ধান্ত ঘোষণা করা হয়েছে, এবার কেউ কোন প্রকার ক্ষমা পাবেন না। পরীক্ষা কর্মকাণ্ডে অসাধুতার ঘটনা ধরা পড়লেই কঠোর শাস্তি প্রদান করা হবে।

শিক্ষা মন্ত্রণালয় থেকে শাস্তির ধরন সম্পর্কিত জরুরি নোটিস সকল শিক্ষা প্রতিষ্ঠানে পাঠানো শুরু হয়েছে। শাস্তির বিধান নিম্নরূপঃ ভুয়া পরিচয়ে অন্যের পক্ষে পরীক্ষা দিলে ২ বছর, প্রশ্নপত্র ফাঁস করলে ৪ বছর, পরীক্ষা সংক্রান্ত কাজে জড়িত শিক্ষক-কর্মকর্তা, কর্মচারী কর্তব্য কাজে অবহেলা করলে ৫ বছর, উত্তরপত্র বাইরে থেকে লিখে এনে মূল খাতায় সংযোজন করলে ২ বছর, নকল সরবরাহের সময় ধরা পড়লে ২ বছর, পরীক্ষার হলে গোলযোগ সৃষ্টি করলে ১ বছরের কারাদণ্ড ও জরিমানা করা হবে।